



বিবিআর/এডমিন/পিআর- ৪৬১/ ২১১৮

০৯ মার্চ ২০২২

নারীর ক্ষমতায়নের সাফল্যে বাংলাদেশের ভূয়সী প্রশংসায় ব্রাজিলের ফাস্ট লেডি মিজ রোজাঞ্জেলা

ব্রাজিলের ফাস্ট লেডি মিজ রোজাঞ্জেলা লুলা ডি সিলভা (জানজা) -এর সঙ্গে সাক্ষাত করেছেন দক্ষিণ আমেরিকাতে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা। ০৬ মার্চ ২০২৩ তারিখে ব্রাজিলের রাষ্ট্রপতি ভবন প্ল্যানালটো প্যালেসে দুপুর ২টায় এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, বর্তমান লুলা সরকার গত জানুয়ারী মাসে ব্রাজিলের ক্ষমতা গ্রহণের পর বাংলাদেশের রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসাই সর্বপ্রথম রাষ্ট্রদূত যিনি ব্রাজিলের ফাস্টলেডির সাথে সৌজন্য সাক্ষাতের আমন্ত্রণ পেলে।

রাষ্ট্রদূত ব্রাজিলের সদ্য নির্বাচিত রাষ্ট্রপতি লুইজ ইনাসিও লুলা ডি সিলভা এবং ফাস্ট লেডি মিজ রোজাঞ্জেলা লুলা ডি সিলভা-কে বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পক্ষ থেকে উষ্ণ শুভেচ্ছাবার্তা পৌঁছে দেন। এসময় নির্বাচনে জয়লাভ করা মাত্রই রাষ্ট্রপতি লুলাকে অভিনন্দন জানানোর জন্য ফাস্ট লেডি রাষ্ট্রপতি লুলার পক্ষ হতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক ধন্যবাদ জানান এবং আশা প্রকাশ করেন যে রাষ্ট্রপতি লুলা ডি সিলভা'র নেতৃত্বকালীন সময়ে বাংলাদেশ ও ব্রাজিলের দ্বি-পাক্ষিক সম্পর্কের দৃশ্যমান অগতি সাধিত হবে।

স্বাধীনতা সংগ্রামে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনবদ্য নেতৃত্ব ও তাঁর সুদীর্ঘ রাজনৈতিক সংগ্রামের ইতিহাস সম্পর্কে রাষ্ট্রদূত বিশদভাবে ফাস্ট লেডিকে অবগত করেন। এসময় ল্যাটিন আমেরিকার কিংবদন্তী নেতা ফিদেল কাস্ত্রো কর্তৃক বঙ্গবন্ধুর হিমালয়সম তুলনা জেনে মিজ রোজাঞ্জেলা অভিভূত হন এবং বঙ্গবন্ধুর প্রতি তাঁর শ্রদ্ধাঞ্জলি করেন। রাষ্ট্রদূত ফয়জুননেসা ফাস্ট লেডি -কে ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুর সপরিবারে নির্মম হত্যাকাণ্ডের বিষয়ে অবগত করলে ফাস্ট লেডি মর্মান্বিত ও বাকরুদ্ধ হয়ে পড়েন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক নারীর ক্ষমতায়নকে কেন্দ্র করে গৃহীত দূরদৃষ্টি সম্পন্ন পদক্ষেপসমূহ এবং এর কার্যকরী ফলাফল নিয়ে রাষ্ট্রদূত ও ফাস্ট লেডির মাঝে বিশদ আলোচনাকালে ব্রাজিলের ফাস্ট লেডি বলেন ``বাংলাদেশ নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণে ব্রাজিল থেকে অনেক এগিয়ে আছে``। ফাস্ট লেডি প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন এবং বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদানকারী নারীদের আন্তরিক অভিনন্দন জানান।

ফাস্টলেডি রোজাঞ্জেলাকে জলবায়ু পরিবর্তন মোকাবেলা সংক্রান্ত বিভিন্ন ফোরামে বাংলাদেশের নেতৃস্থানীয় ও শক্তিশালী অবস্থানের বিষয়ে রাষ্ট্রদূত অবহিত করেন। এসময় ফাস্টলেডি জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের ঝুঁকিপূর্ণ পরিণতির বিষয়ে অবগত আছেন বলে জানান। এছাড়াও জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট ঝুঁকি হ্রাসে বাংলাদেশের অভিযোজন সক্ষমতার প্রশংসা করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা সংক্রান্ত সকল আন্তর্জাতিক ফোরামে ব্রাজিল বাংলাদেশের সাথে একযোগে কাজ করবে বলে ফাস্টলেডি রোজাঞ্জেলা আশ্বস্ত করেন।

রাষ্ট্রদূত টেকসই উন্নয়ন, দারিদ্রমুক্তি, ক্ষুধা ও অপুষ্টি নিরসন, সামাজিক বৈষম্য, সামাজিক নিরাপত্তা বিষয়ে বাংলাদেশ ও ব্রাজিল সরকারের অভিন্ন অবস্থান সম্পর্কে ফার্স্টলেডি রোজাঞ্জেলাকে অবহিত করেন। গৃহহীন মানুষদের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার আশ্রয়ন প্রকল্প সম্পর্কে জেনে ফার্স্টলেডি অভিভূত হন। উল্লেখ্য, ব্রাজিলের ভূমিহীন দরিদ্রদের আবাসন নিশ্চিতকরণে ফার্স্ট লেডি মিজ রোজাঞ্জেলার ব্যাপক ভূমিকা রয়েছে।

ব্রাজিলিয়ান ফুটবলের প্রতি বাংলাদেশের ভালবাসা ও ব্রাজিলের ফুটবল দলের প্রতি অকুণ্ঠ সমর্থনের জন্য বাংলাদেশের জনগণকে ফার্স্ট লেডি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। বাংলাদেশের কুটির শিল্পের প্রসারের পাশাপাশি গ্রামীণ নারীদের স্বাবলম্বী এবং ক্ষমতায়নের মাধ্যম হিসেবে গ্রামবাংলার পটভূমিতে তৈরী হাতে বুনানো শাড়ি উপহার হিসেবে গ্রহণ করে ফার্স্টলেডি রোজাঞ্জেলা অভিভূত হন। তিনি বাংলাদেশের কৃষ্টি ও সংস্কৃতির প্রশংসা করে এ সম্পর্কে অধিকতর জানার আগ্রহ প্রকাশ করেন।

ব্রাজিলের রাষ্ট্রপ্রধান এবং ফার্স্টলেডি-কে রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ হতে বাংলাদেশ ভ্রমণের আমন্ত্রণ জানালে তিনি উষ্ণ ধন্যবাদ জানান এবং রাষ্ট্রপতি লুলা ডি সিলভাসহ বাংলাদেশ ভ্রমণের আন্তরিক ইচ্ছা প্রকাশ করেন।

উল্লেখ্য, অত্যন্ত হৃদয়তাপূর্ণ এই সৌজন্য সাক্ষাতের অব্যহতি পরেই ব্রাজিলের ফার্স্ট লেডি তাঁর সামাজিক যোগাযোগ মাধ্যম ইন্সটাগ্রামে উক্ত সাক্ষাতের বিষয়ে বাংলাদেশের পতাকাসহ রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসার ছবিসহ পোস্ট করেন, যা ব্রাজিলের জনপ্রিয় দৈনিক পোডার-৩৬০ পত্রিকাতে গুরুত্ব সহকারে প্রকাশ করা হয়েছে।

---